

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪১৯
আগরতলা, ১৯ অক্টোবর, ২০২৩

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা
পশ্চিম ত্রিপুরা জেলায় গ্রীষ্মকালীন সবজি চাষে সহায়তা

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় চলতি অর্থ বছরে পশ্চিম ত্রিপুরা জেলায় ১২ হাজার ৭০২টি পরিবারকে গ্রীষ্মকালীন সবজি চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় সুবিধাভোগী পরিবারগুলিকে বরবটি, মিষ্টি কুমড়া, মূলা, টেঁড়সের বীজ দেওয়া হয়েছে। জেলার মোহনপুর কৃষি মহকুমার ২,৯২৩টি, জিরানীয়া কৃষি মহকুমার ৪,২১৫টি, ডুকলি কৃষি মহকুমার ১,৩১৩টি, হেজামারা কৃষি মহকুমার ১,৪৩৬টি, মান্দাই কৃষি মহকুমার ১,৪৮০টি ও বামুটিয়া কৃষি মহকুমার ১,৩৩৫টি পরিবার উপকৃত হয়েছেন। জেলা উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
